Bangladesh Garment Manufacturers
& Exporters Association
"Made in Bangladesh with Pride"

FARUQUE HASSAN
PRESIDENT

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/৮৮ তারিখঃ ০৯/০৫/২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ণ ও খালাস সহজীকরণ প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা অবগত আছেন যে, H.S Code সংক্রান্ত জটিলতার জন্য দীর্ঘদিন ধরে সম্মানিত সদস্যরা বন্ডের আওতায় আমদানি-রপ্তানি বাণিজ্য পরিচালনার ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন।

বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদ বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাসকালে H.S Code সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সদস্যদের সাথে বিভিন্ন সময়ে সভায় মিলিত হন। ফলশ্রুতিতে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাসকালে H.S Code সংক্রান্ত জটিলতা নিরসন ও সহজীকরণের জন্য অফিস আদেশ নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/১৫৯, তারিখ: ২৮/০৪/২০২২ জারী করেছে।

আমরা আশা করি উক্ত আদেশ জারীর ফলে H.S Code সংক্রান্ত জটিলতা হ্রাস পাবে এবং আমদানি পণ্য খালাস ও রপ্তানি প্রক্রিয়া সহজতর হবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জারীকৃত অফিস আদেশ এতদ্সংঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

Shahinur-customs

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
**[অফিস আদেশ]**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ ১৫৯ তারিখ: ২৮/০৪/২০২২ খ্রি:।

**বিষয়: বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ণ ও খালাস সহজীকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রপ্তানি বাণিজ্যের প্রসার সহজীকরণ, এলডিসি গ্রাজুয়েশন অর্জন প্রেক্ষাপট ও রেমিট্যান্স প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে বিজিএমইএ, বিকেএমইএসহ বিভিন্ন এসোসিয়েশন বন্ডের আওতায় আমদানিকৃত পণ্যচালানসমূহ শুল্কায়ন সহজীকরণ ও দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সহযোগিতা ও দিক নির্দেশনা কামনা করেন। মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে জানা যায় যে, রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা তালিকায় কোন কোন ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের বর্ণনা সঠিক থাকলেও H.S Code এর সাথে মিল পাওয়া যায় না; আবার H. S Code এর সাথে মিল পাওয়া গেলেও পণ্যের বর্ণনার সাথে মিল পাওয়া যায় না। এ সমস্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম হাউসসমূহ ক্ষেত্র বিশেষে অঙ্গীকারনামা ও ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক শুল্কায়িত পণ্য চালান নির্ধারিত সময়ের মধ্যে বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করার শর্তে শুল্কায়ণ ও খালাস প্রদান করা হয়ে থাকে। আরো উল্লেখ্য, প্রত্যেক অর্থবছরের বাজেটে (অর্থ আইন) কিছু কিছু H. S Code নতুনভাবে Split করা হয়, যে কারণে প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা তালিকায় পণ্যের বর্ণনার সাথে H. S Code এর সাথে অমিল তৈরি হয়। এ সমস্ত কারণেও বন্ডেড প্রতিষ্ঠানের আমদানি তালিকায় অন্তর্ভুক্ত পণ্য শুল্কায়ন ও খালাসে মাঠ পর্যায়ে প্রায়শ:ই এ জাতীয় জটিলতা তৈরি হয়ে থাকে।

০৩। সাধারণত: GRI, Explanatory Notes ও কাস্টমস এর Fair Practice অনুযায়ী পণ্যের বর্ণনার সাথে H. S Code এর অমিল পাওয়া গেলে পণ্যের বর্ণনাকে প্রাধান্য দেয়া হয়। কাস্টম হাউসসমূহ থেকে তথ্য নিয়ে জানা যায়, পণ্যের ঘোষণা/বর্ণনা সঠিক থাকলে এবং আমদানি প্রাপ্যতা তালিকায় H. S Code এর সাথে হুবহু মিল না থাকলে বা কিছুটা অসামঞ্জ্যতা থাকলে অঙ্গীকারনামা গ্রহণ করে পণ্য শুল্কায়ন করা হয়ে থাকে। অন্যদিকে, পণ্যের H. S Code এর সাথে মিল থাকলে, কিন্তু পণ্যের ঘোষণা/বর্ণনার হুবহু মিল না পাওয়া না গেলে, এছাড়াও উক্ত পণ্যের বন্ডে ব্যবহার থাকলে আমদানি প্রাপ্যতা তালিকায় ভবিষ্যতে অন্তর্ভুক্তির শর্তে ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক রপ্তানির স্বার্থে পণ্য সাময়িক শুল্কায়নপূর্বক খালাস প্রদান করা হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে এমনও লক্ষ্য করা যায় যে, শুল্কায়িত পণ্য বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির ক্ষেত্রে সময় ক্ষেপন হওয়ায় সাময়িক শুল্কায়নের মেয়াদ উত্তীর্ণ হয়। এ সমস্ত কারণেও রপ্তানিকারকগণ কাঁচামাল শুল্কায়নকালে বিভিন্ন জটিলতার সম্মুখীন হন। বিশেষত: সিকিউরিটি ট্যাগ ও লেভেলের ক্ষেত্রে ইদানিং এ বিষয়ে জটিলতা ব্যাপক হারে বেড়ে গেছে বলে বিজিএমইএ ও বিকেএমইএ জানান।

০৪। এমতাবস্থায়, বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন সহজীকরণ ও দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য নিম্নরূপ আদেশ/নির্দেশনা জারি করা হলো:

(ক) বন্ড লাইসেন্সে উল্লিখিত কাঁচামাল/পণ্যের বর্ণনা সঠিক থাকলে, কিন্তু H.S Code সঠিক পাওয়া না গেলে সেক্ষেত্রে অনুচ্ছেদ-০৩ এ উল্লিখিত পণ্যদ্বয় (সিকিউরিটি ট্যাগ ও লেভেল) এবং অন্যান্য এক্সেসরিজ তৈরী পোশাকে ব্যবহৃত হবে বলে প্রতীয়মান মর্মে বিবেচিত হলে কাস্টম হাউস/শুল্ক স্টেশনের সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে পণ্য চালান খালাস পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সঠিক H.S. Code বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির শর্তে আমদানিকৃত কাঁচামাল/পণ্য সাময়িক শুল্কায়নপূর্বক খালাস প্রদান করবেন এবং সংশ্লিষ্ট কমিশনার/কমিশনার অব কাস্টমস (বন্ড)-কে অবহিত করবেন।

(খ) আমদানি প্রাপ্যতার সীমা অতিক্রম করলে বা আমদানি প্রাপ্যতার মেয়াদ উত্তীর্ণ হলে নিয়ন্ত্রণকারী কমিশনার, অথবা কমিশনার অব কাস্টমস (বন্ড) এর প্রত্যয়ণপত্রের ভিত্তিতে আমদানিকৃত কাঁচামাল/পণ্য সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস ছাড়/খালাস প্রদান করবেন।

(গ) কাস্টম হাউস/স্টেশন কর্তৃক অনুচ্ছেদ-৪(ক) মোতাবেক অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে সাময়িক শুল্কায়নপূর্বক খালাসকৃত কাঁচামাল/পণ্য সংশ্লিষ্ট বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ও মেশিনারিজ এর সাথে সামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট কমিশনার কিংবা কমিশনার অব কাস্টমস (বন্ড) উক্ত পণ্যের H. S Code বন্ডারের আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বন্ড লাইসেন্সের অন্তর্ভুক্তির ব্যবস্থা করবেন।

D:\01.002.17.Doc

Scanned with CamScanner

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

২১/৪/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
৭-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৯-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/যশোর/ খুলনা/রংপুর/কুমিল্লা/সিলেট।